

যীশু এক অন্ধকে সুস্থ করেছিলেন যার ঈশ্বরের প্রতি বিশ্বাস ছিল

যে কোন একটি শিশুদের কার্যকলাপ পছন্দ করুন।

প্রার্থনা : “প্রিয় ঈশ্বর, বর্তীময়ের মত তোমাকে বিশ্বাস করতে এবং আরোগ্য দান ও আমাদের পাপের ক্ষমা করার জন্য তোমার শক্তির ওপর বিশ্বাস করতে আমাদের সাহায্য কর।”

মার্ক ১০ঃ৪৬-৫২ পদে খুঁজুন, কিভাবে যীশু এক অন্ধ ব্যক্তিকে সুস্থ করেছিলেন, যার বিশ্বাস ছিল।

গল্পটি বলার পূর্বে শিশুদের শুনতে এবং খুঁজে দেখতে বলুন, যীশু কিভাবে বর্তীময়কে সুস্থ করেছিলেন।

গল্পটি বলার পর, শিশুদের জিজ্ঞাসা করুন :

- যীশু আসছেন শুনতে পেয়ে বর্তীময় কি করেছিলেন?
- চারপাশের লোকেরা বর্তীময়কে কি বলেছিলেন?
- বর্তীময়ের আহ্বান শুনে যীশু কি করেছিলেন?
- যীশু বর্তীময়কে কি জিজ্ঞাসা করেছিলেন?
- যীশু বর্তীময়কে কেন সুস্থ করেছিলেন?

কার্যকলাপ : কয়েকজন শিশুকে বর্তীময়ের মত অন্ধ হওয়ার ভান করতে বলুন। তাদেরকে জিজ্ঞাসা করুন :

- অন্ধ হলে কি রকম অনুভূতি হয়?
 - অন্য শিশুদের বর্তীময়ের চারদিকের লোকদের মত হওয়ার ভান করতে বলুন। বর্তীময়কে চুপ করানোর জন্য তারা কি বিষয় বলতে পারেন? (উত্তর : তারা এইসব কথা বলবে : “যীশু খুব ব্যস্ত।” “যীশু তোমাকে চেনে না।” “তোমার অন্ধত্ব, তোমার পাপের শাস্তি।” “যীশুর কাছে তুমি গুরুত্বপূর্ণ নও।”
 - যারা এই ধরনের কথা বলছিল, তাদেরকে আপনি কি কি উত্তর দেবেন, সেই বিষয়ে চিন্তা করুন।
- যীশু বর্তীময়কে আরোগ্য করছেন, এই গল্পটির নাট্যরূপ দিন, মার্ক ১০ঃ৪৬-৫২।
- বড়শিশুদের অথবা প্রাপ্তবয়স্কদের এই চরিত্রগুলোতে অভিনয় করতে দিন :

যীশু, বর্তীময় এবং বর্ণনাকারী। বর্তীময় পুরাতন বস্ত্র পড়বে (কোন পুরানো বস্ত্র)। প্রথমে চোখ বন্ধ করে বসে থাকবে।

- ছোট শিশুদের শিষ্য এবং লোকদের ভূমিকায় অভিনয় করতে দিন।

বর্ণনাকারী : মার্ক ১০ঃ৪৬-৫২ অংশটি পাঠ করুন।

লোকেরা : “দেখ! যীশু আসছেন! ঈশ্বরের প্রতিজ্ঞাত ত্রাণকর্তা!”

বর্তীময় : “যীশু, দায়ুদ সন্তান, আমার প্রতি করুণা করুন।”

লোকেরা : “চুপ কর! ঐ মহান ব্যক্তিকে বিরক্ত কর না।”

“চুপ! যীশু কি বলছেন, আমরা শুনতে চাই!”

বর্তীময় : “দায়ুদ সন্তান, আমার প্রতি দয়া করুন!”

যীশু : “থামবেন!” (যীশু এবং লোকেরা হাঁটা থামাবেন।) বলবেন, “ওকে এখানে ডাক।”

লোকেরা : “সাহসী হও, উঠে দাঁড়াও! তিনি তোমাকে ডাকছেন।” (হাত ধরে তাকে যীশুর কাছে আনবে। বর্তীময় তার পুরাতন বস্ত্র ছুঁড়ে ফেলে দেবে।)

যীশু : “তুমি কি চাও, আমি তোমার জন্য কি বলব?”

বর্তীময় : “মহান গুরু, আমি আমার দৃষ্টি ফিরে পেতে চাই!”

যীশু : (তার চোখ স্পর্শ করবেন।) বলবেন, “যাও; তোমার বিশ্বাস তোমাকে সুস্থ করেছে।”

বর্ণনাকারী : “তৎক্ষণাৎ সে তার দৃষ্টি ফিরে পাবে এবং রাস্তায় যীশুকে অনুসরণ করবে।”

(যারা নাটকটি করতে সাহায্য করেছে তাদের প্রত্যেককে ধন্যবাদ দেবে।)

শিশুদের জন্য নিম্নলিখিত বিষয়ে উপাসক মণ্ডলীর নেতাদের সঙ্গে আয়োজন করুন :

- আরাধনার সময় প্রাপ্তবয়স্কদের কাছে নাটকটি উপস্থাপন করুন।
- এই অধ্যয়নের সূচনাতে যে প্রশ্নের তালিকা দেওয়া হয়েছে প্রাপ্তবয়স্কদের কাছে সেই প্রশ্নগুলো জিজ্ঞাসা করতে দাও।
- কবিতা বা অন্য যা কিছু তারা প্রস্তুত করেছেন তা উপস্থাপন করা।

একটি অন্ধ ব্যক্তির ছবি আঁকুন। (যদি শুধুমাত্র মাথার ছবিটা দেখতে খারাপ লাগে, তবে সম্পূর্ণ ব্যক্তিটিকে আঁকুন।)

- একটি বন্ধ চোখের ছবি আঁকুন যা ব্যাখ্যা করে যে যীশুর শক্তির ওপর যখন আমাদের বিশ্বাস ছিল না, তখন আমাদের জীবন কি রকম দেখতে ছিল।
- তারা যে ছবিগুলো এঁকেছে সেগুলো বড়দের কাছে দেখাতে দিন এবং এর অর্থ ব্যাখ্যা করতে দিন।



কবিতা : দুজন শিশুর প্রত্যেকে যিশাইয় ৫৩ঃ৪ ও ৫ পদ দুটো আবৃত্তি করতে দিন।

সত্য আমাদের যাতনা সকল তিনিই তুলিয়া লইয়াছেন, আমাদের ব্যাথা সকল তিনি বহন করিয়াছেন;

তবু আমরা মনে করিলাম, তিনি আহত, ঈশ্বর কর্তৃক প্রহারিত ও দুঃখার্ত।

কিন্তু তিনি আমাদের অধর্মের নিমিত্ত বিদ্ধ, আমাদের অপরাধের নিমিত্ত চূর্ণ হইলেন;

আমাদের শাস্তিজনক শাস্তি তাঁহার উপরে বার্তিল

এবং তাঁহার ক্ষত সকল দ্বারা আমাদের আরোগ্য হইল।

বড়শিশুদের একটি কবিতা, গান অথবা ছোট গল্প লিখতে দিন অথবা তারা যা কিছ হতে দেখেছেন সেই বিষয়ে সাক্ষ্য দিতে বলুন, যা প্রদর্শন করে যে যীশু আজও লোকদের সুস্থ করতে পারেন।

মুখস্থ পদ : লুক ১১ঃ৯

প্রার্থনা : “প্রিয় প্রভু, আমাদের আত্মিক চোখ, কান খুলে দেওয়ার জন্য এবং তোমার কথা বিশ্বাস করতে সাহায্য করার জন্য তোমাকে ধন্যবাদ। অসুস্থতার আরোগ্য দানে এবং আমাদের পাপ থেকে রক্ষা করার তোমার শক্তির জন্য তোমার প্রশংসা করি। তোমার শক্তির ওপর বিশ্বাস রাখার জন্য এবং বর্তমানের মত সাহায্যের জন্য তোমাকে ডাকতে আমাদের সাহায্য কর।”